# পল্লী বিদ্যুৎ সংবাদ বিচিত্র

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

IMS (ISO 9001, ISO 14001 & OHSAS 18001) Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর মুখপত্র

৪৩ বর্ষ ২৭ সংখ্যা | জনসংযোগ পরিদপ্তর কর্তৃক প্রকাশিত | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০১৭


## ১০টি উপজেলা শতভাগ বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী




১০টি উপজেলা শতভাগ বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ভিশন-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে ২০১৮ সালের মধ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাভূক্ত ভৌগলিক এলাকায় বিদ্যুৎ সংযোগ প্রত্যাশী শতভাগ পরিবারের মাঝে বিদ্যুৎ সুবিধা পৌঁছে দিতে প্রতিশ্রুতিবদ্ধ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের আলোকিত বাংলাদেশ গড়তে "শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ" এই স্লোগান ধারণ করে আলোর পথে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। আর সেই লক্ষ্যে সোনার বাংলা গড়তে প্রতিমাসে নতুন লাইন নির্মাণ এবং বিদ্যুৎ সংযোগের মাধ্যমে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম সারাদেশে ব্যাপকভাবে সম্প্রসারিত হচ্ছে। এরই ধারাবাহিকতায় গত ১০ ডিসেম্বর, রবিবার মাননীয় প্রধানমন্ত্রী তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১০টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন শুভ উদ্বোধন করেন। শতভাগ বিদ্যুৎ প্রাপ্ত ১০টি উপজেলা হলো ফরিদপুর সদর (ফরিদপুর), রাজৈর (মাদারীপুর), নওগাঁ সদর (নওগাঁ), কামারখন্দ (সিরাজগঞ্জ), আখাউড়া ও ব্রাহ্মণবাড়িয়া সদর (ব্রাহ্মণবাড়িয়া), শালিখা (মাগুরা), মেহেরপুর সদর (মেহেরপুর), মদন (নেত্রকোনা) এবং বেলাব (নরসিংদী)।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে উপজেলা ভিত্তিক শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যমাত্রা নিয়ে নিরলসভাবে কাজ করে যাচ্ছে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)।

# আরইবি'র চেয়ারম্যান হিসেবে মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) এর চুক্তিভিত্তিক নিয়োগ লাভ



মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) তিন বছরের জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি)-এর চেয়ারম্যান হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ লাভ করেছেন। গত ৩১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ বিআরইবি'র চেয়ারম্যান হিসেবে তিনি স্বাভাবিক অবসরে যান। মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) ১৯৬১ সালের ২ জানুয়ারী ফেনী জেলার দাগনভুঁঞা উপজেলার খুশিপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং **(EEE)** বিভাগে ১৯৮৪ সালে বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রী লাভ করে বাংলাদেশ সেনাবাহিনীতে যোগদান করেন এবং ১৯৮৪ সনের ২০ ডিসেম্বর লেফটেন্যান্ট হিসেবে কমিশন লাভ করেন। তিনি বাংলাদেশ সেনাবাহিনীতে কমান্ড, স্টাফ এবং প্রশিক্ষক হিসেবে কাজ করেছেন। তিনি মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি)-তে ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইইসিই) বিভাগের প্রধান ছিলেন এবং এমআইএসটি-তে ডীন হিসেবেও কাজ করেছেন। মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) ১৯৯৪-৯৫ সালে জাতিসংঘের ইরাক-কুয়েত মিশনে এবং ২০০৫-২০০৬ সালে জাতিসংঘের কঙ্গোতে শান্তিরক্ষা মিশনে কাজ করেন। তিনি ২০১১ সালের ২৫ জুলাই ব্রিগেডিয়ার জেনারেল হিসেবে এবং ২০১৫ সালের ২৯ নভেম্বর মেজর জেনারেল হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি গত ২০১১ সালের ২৪ অক্টোবর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডে চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান হিসেবে বিগত সময়ে দায়িত্ব পালনকালে তাঁর গতিশীল নেতৃত্ব, বলিষ্ঠ পদক্ষেপ, নিষ্ঠা, আন্তরিকতা, সততা এবং ঐকান্তিক প্রচেষ্টার ফলশ্রুতিতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর গ্রাহক সংখ্যা ৭৪ লাখ হতে ০২ কোটি ২৩ লাখ, সিষ্টেমলস ১৮% হতে ১০.৭৫% এ হ্রাসকরণ এবং বিদ্যুৎ সুবিধাভোগীর সংখ্যা ২৮% হতে ৮৩% এ উন্নীত হয়েছে। ইতোমধ্যে ৫১টি উপজেলা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতভাগ বিদ্যুতায়ন উদ্বোধন করা হয়েছে এবং ১৩৫টি উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। এছাড়া আগামী ডিসেম্বর'২০১৮ এর মধ্যে ৪৬০টি উপজেলা শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে বাপবিবো'র কার্যক্রম দ্রুতগতিতে এগিয়ে চলছে।

## আলোকচিত্রে বাপবিবোর্ডের কার্যক্রম



প্রি-পেইড মিটারিং কার্যক্রম সংক্রান্ত সভা



বাপবিবোর্ডের ভৌগোলিক এলাকায় সেচ কার্যক্রম

## ঢাকা পবিস-৪ এর আবাসিক ভবনসহ ৪টি বৈদ্যুতিক উপকেন্দ্রের ভিত্তি প্রস্তর স্থাপন ও ১টি উপকেন্দ্রের শুভ উদ্বোধন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ এমপি গত ১৩ অক্টোবর ঢাকা পবিস-৪ এর অফিস ও আবাসিক ভবনসহ ৪টি বৈদ্যুতিক উপকেন্দ্রের (ঝিলমিল-২, ৩৩/১১ কেভি ২০ এমভিএ; কোনাখোলা ৩৩/১১ কেভি ২০ এমভিএ; চরগলগলিয়া ৩৩/১১ কেভি ২০ এমভিএ; ওয়াসপুর ৩৩/১১ কেভি ২০এমভিএ) ভিত্তি প্রস্তর স্থাপন এবং ঝিলমিল-১, ৩৩/১১ কেভি ২০ এমভিএ বৈদ্যুতিক উপকেন্দ্রের শুভ উদ্বোধন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন, কেরাণীগঞ্জ উপজেলা পরিষদ-এর চেয়ারম্যান শাহীন আহমেদ, বাপবিবোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিশ্বনাথ শিকদার, ঢাকা পবিস-৪ এর সমিতি বোর্ডের সভাপতি মোহাম্মদ শোয়েব ও সিনিয়র জেনারেল ম্যানেজার মো. রবিউল হোসেন, কেরাণীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার শাহে এলিদ মাইনুল আমিন। এছাড়াও উপস্থিত ছিলেন কেরাণীগঞ্জ উপজেলার রাজনৈতিক নেতৃবৃন্দ, গণমান্য ব্যক্তিবর্গ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ, প্রশাসনের কর্মকর্তাসহ বাপবিবো ও ঢাকা পবিস-৪ এর কর্মকর্তা/কর্মচারিবৃন্দ।



বিজ্বাখস মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক ঢাকা পবিস-৪ এর অফিস ও আবাসিক ভবনসহ ৪টি বৈদ্যুতিক উপকেন্দ্রের ভিত্তি প্রস্তর স্থাপন এবং ১টি বৈদ্যুতিক উপকেন্দ্রের শুভ উদ্বোধন।

## কুষ্টিয়া পবিস এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

কুষ্টিয়া পবিস এর মিরপুর জোনাল অফিসের আওতায় মিরপুর উপজেলার মোচাইনগর/কাকিলাদহ গ্রামের ২.০০৬ কি.মি. নবনির্মিত বৈদ্যুতিক লাইন গত ১৪ অক্টোবর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্য মন্ত্রী হাসানুল হক ইনু আনুষ্ঠানিকভাবে সুইচ টিপে শুভ উদ্বোধন করেন। বর্ণিত গ্রামে ৯২টি আবাসিক, ২টি দাতব্য প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে সমিতি বোর্ডের সভাপতি মোঃ সাইফুদ্দৌলা তরুন, সমিতির জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত) স্বদেশ কুমার ঘোষ, মিরপুর জোনাল অফিসের ডিজিএম মোঃ নজরুল ইসলামসহ স্থানীয় রাজনৈতিকবৃন্দ, ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ ও ৫০০ জন গ্রাহক উপস্থিত ছিলেন। মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে বলেন, বর্তমান সরকার ক্ষমতায় এসেই বিদ্যুৎ উৎপাদন ও সাশ্রয়ী বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে উৎসাহিত করার জন্য বিশেষ মনোযোগ দিয়েছেন। তিনি উৎপাদনশীল খাতে বিদ্যুৎ ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন এবং সময় মত বিদ্যুৎ বিল পরিশোধের জন্যও সকলকে পরামর্শ দেন। পবিসের জিএম তাঁর বক্তব্যে সম্মানিত গ্রাহকগণকে বিদ্যুৎ সাশ্রয়ের জন্য এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করার এবং নিয়মিতভাবে বিল পরিশোধ করার অনুরোধ জানান।




সুইচ টিপে বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন মাননীয় তথ্য মন্ত্রী।

## ফেনী পবিস-এর সদর দপ্তর ভবনের ৩য় তলা সম্প্রসারণ কাজের উদ্বোধন

গত ২১ অক্টোবর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন পবিসের নিজস্ব অর্থায়নে সদর দপ্তর অফিস ভবন ১ম ও ২য় তলা সংস্কার ও পুনঃবিন্যাস এবং নবনির্মিত ৩য় তলা (উর্ধ্বমুখী) সম্প্রসারণের শুভ উদ্বোধন করেন। এ সময়ে উপস্থিত ছিলেন সমিতির জেনারেল ম্যানেজার মোঃ মিজানুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আতাউর রহমান চৌধুরী, নির্বাহী প্রকৌশলী মো. ইদ্রিস আলী মিঞা এবং ফেনী পবিসের সকল ডিজিএমসহ এজিএমগণ। অফিসের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রায় ১ কোটি ৩৬ লক্ষ টাকা ব্যয়ে অফিস ভবনটির ১ম ও ২য় তলা সংস্কার ও পুনঃবিন্যাস এবং নবনির্মিত তয় তলা (উর্ধ্বমুখী) সম্প্রসারণ করা



ফেনী পবিসের সদর দপ্তর ভবনের ৩য় তলা সম্প্রসারণ কাজের শুভ উদ্বোধন করেন বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান।

হয়েছে। পবিসের মূল্যবান সম্পদ সুরক্ষার জন্য বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনার আলোকে প্রায় ১২ লক্ষ ৯২ হাজার টাকা ব্যয়ে একটি গ্যারেজ নির্মাণ করা হয়। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয় অফিস ভবন এর ১ম ও ২য় তলা সংস্কার ও পুনঃবিন্যাস, নব নির্মিত ৩য় তলা সম্প্রসারণ এবং নব নির্মিত গাড়ির গ্যারেজ পরিদর্শনে সন্তষ্টি প্রকাশ করেন। পরিদর্শন শেষে বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান অফিস ভবন ও গ্যারেজ এ উদ্বোধনী ফলক উন্মোচন করেন।

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বার্ষিক বনভোজন অনুষ্ঠিত

গত ২৩ ডিসেম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ক্রীড়া, সংস্কৃতি ও কল্যাণ পরিষদ (ক্রীসকপ)-এর উদ্যোগে বাপবিবোর্ডের কর্মকর্তা ও কর্মচারীগণের অংশগ্রহণে বার্ষিক বনভোজন ২০১৭-১৮ নরসিংদীর ড্রীম হলিডে পার্কে অনুষ্ঠিত হয়। বনভোজনে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা ও র‌্যাফেল ড্র'তে অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও বাপবিবোর্ডের সদস্য (প্রশাসন) মোঃ ইয়াকুব আলী পাটওয়ারী, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মোঃ ইমদাদুল ইসলাম ও সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) মুঃ আবদুস সালামসহ বাপবিবোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাগণ পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



বাপবিবোর্ডের বার্ষিক বনভোজনে পুরস্কার বিতরণ করছেন বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান

## ফেনী পবিস ও কুমিল্লা পবিস-২/৪ এর উপকেন্দ্র ও লাইন নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শনে বাপবিবোর্ডের চেয়ারম্যান

গত ২১ অক্টোবর সকাল ১০টায় ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির বোর্ড রুমে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন-এর সভাপতিত্বে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে ফেনী পবিস ও কুমিল্লা পবিস-২/৪ এর উপকেন্দ্র এবং লাইন নির্মাণ কাজের অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আতাউর রহমান চৌধুরী, সমিতির জেনারেল ম্যানেজার মোঃ মিজানুর রহমান, ফেনী পবিস ও কুমিল্লা পবিস-৪ এর প্রকল্প বিভাগ ও পবিসের কর্মকর্তাবৃন্দ। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং শুরুতে ফেনী পবিসের জেনারেল ম্যানেজার এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী লাইন নির্মাণ, উপকেন্দ্র নির্মাণসহ পবিসের উন্নয়নমূলক কর্মকান্ডে সার্বিক দিকনির্দেশনা প্রদান ও মনিটরিং করায় চেয়ারম্যান মহোদয়ের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয় ফেনী পবিসের সকলকে ঐক্যবদ্ধ হয়ে দুর্নীতির বিরুদ্ধে অবস্থান নিয়ে কাজ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রেখে কাজের গতিশীলতা বৃদ্ধি করে সেবার মান অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। পরিশেষে বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ফেনী পবিস ও কুমিল্লা পবিস-২/৪ এর উপকেন্দ্র এবং লাইন নির্মাণ কাজের অগ্রগতির আলোচনা সভায় বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান।

## ফেনী পবিস এর আওতাধীন বগাদানা ইউনিয়ন শতভাগ বিদ্যুতায়ন উদ্বোধন

গত ২০ অক্টোবর ফেনী জেলার সোনাগাজী উপজেলার বগাদানা ইউনিয়নের শতভাগ গ্রাম আনুষ্ঠানিকভাবে বিদ্যুতায়ন কার্যক্রম শুভ উদ্বোধন করেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন। বগাদানা ইউনিয়নের ৪৬টি স্পট বিদ্যুতায়নে প্রায় ১ কোটি ৭৭ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ১১.৮২৩ কি. মি. বৈদ্যুতিক লাইনে ৪২২ জন বিভিন্ন শ্রেণীর গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। সমিতি বোর্ডের সভাপতি আবদুল মোতালেব এর সভাপতিত্বে ডেপুটি জেনারেল ম্যানেজার মোঃ মহিউদ্দিন মোশাহেদুল্লাহ এর সঞ্চালনায় বিদ্যুতায়ন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমিতির জেনারেল ম্যানেজার মোঃ মিজানুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আতাউর রহমান চৌধুরী, নির্বাহী প্রকৌশলী মোঃ ইদ্রিস আলী মিঞা, সোনাগাজী উপজেলা পরিষদ চেয়ারম্যান জেড এম কামরুল আনাম, উপজেলা নির্বাহী অফিসার মোঃ মিনহাজুর রহমান, সোনাগাজী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জোবেদা নাহার মিলি, সমিতি বোর্ডের কোষাধ্যক্ষ মহিউদ্দিন আহমেদ, বগাদানা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ইছহাক খোকন, সাংবাদিকবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধিবৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দসহ সম্মানিত বিদ্যুৎ প্রত্যাশি

পরিবারবর্গ। নতুন বিদ্যুৎ সংযোগ পাওয়া গ্রাহকদের বাপবিবো-এর মাননীয় চেয়ারম্যান অভিনন্দন জানান। নিরাপদ ও সাশ্রয়ীভাবে বিদ্যুৎ ব্যবহার, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারকারীদের প্রতিরোধ, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করে সমিতির কর্মকান্ডে সহযোগিতা করার জন্য তিনি গ্রাহক সদস্যদের অনুরোধ করেন।



বগাদানা ইউনিয়ন শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রমের শুভ উদ্বোধন করেন বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন।

## পাবনা পবিস-১ এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

গত ৫ অক্টোবর পাবনা পবিস-১ এর ভৌগলিক এলাকায় চাটমোহর উপজেলার মথুরাপুর ইউনিয়নের বাহাদুরপুর গ্রাম এবং হরিপুর ইউনিয়নের চড়ইকোল, ধূলাউড়ি, কুটিপাড়া ও বেলুড়ী গ্রামের ৪৮৩টি বাড়ির বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন আলহাজ্ব মো. মকবুল হোসেন, মাননীয় সংসদ সদস্য, পাবনা-৩। এ সময় পবিস এর জেনারেল ম্যানেজার শাহ্ জুলফিকার হায়দার, পিইঞ্জ; চাটমোহর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, পবিসের রিটেইনার প্রকৌশলী এবং সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়াম্যানবৃন্দ উপস্থিত ছিলেন। শুভ উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় সংসদ সদস্য বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ 'শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ' এর অংশ হিসেবে প্রায় সাড়ে সাত কিলোমিটার লাইন নির্মাণ করে প্রায় ৪৮৩টি বাড়িতে বিদ্যুৎ সংযোগ দেয়া হলো। উক্ত অনুষ্ঠানে বিদ্যুৎ সুবিধাভোগী গ্রাহক ছাড়াও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।



পাবনা পবিস-১ এর আওতাধীন ৫টি গ্রামের শুভ বিদ্যুতায়ন উদ্বোধন করেন পাবনা-৩ আসনের মাননীয় সংসদ সদস্য।

## যশোর পবিস-২ এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

যশোর পবিস-২ এর মনিরামপুর উপজেলায় গোবিন্দপুর গ্রামের ৬.৪১১ কি. মি. নব নির্মিত বৈদ্যুতিক লাইন গত ২৩ সেপ্টেম্বর সুইচ টিপে শুভ উদ্বোধন করেন যশোর-৫ আসনের মাননীয় সংসদ সদস্য বাবু স্বপন ভট্টাচার্য্য। উক্ত গ্রামে বিভিন্ন শ্রেণীর ৫৬৩ জন গ্রাহককে সংযোগ প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন যশোর পবিস-২ এর জেনারেল ম্যানেজার প্রকৌশলী মোঃ আব্দুর রশিদ মৃধা, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং বিদ্যুৎ সংযোগপ্রাপ্ত প্রায় ৫০০ (পাঁচশত) গ্রাহক সদস্য। উক্ত অনুষ্ঠানে মাননীয় সংসদ সদস্য তাঁর বক্তব্যে বলেন, 'বর্তমান সরকার বিদ্যুৎ খাতের উন্নয়নের কাজ করে যাচ্ছে। দ্রুততম সময়ের মধ্যে লাইন নির্মাণ করে ঘরে ঘরে বিদ্যুৎ সংযোগ পৌছে দেয়া হচ্ছে।' তিনি দুর্নীতি রোধে অফিসিয়াল রশিদ ব্যতীত কাউকে কোন অর্থ প্রদান না করার জন্য গ্রাহকদেরকে আহ্বান জানান। এছাড়া তিনি উৎপাদনশীল খাতে বিদ্যুৎ ব্যবহারের উপর গুরুত্বারোপ করেন।



সুইচ টিপে বিদ্যুৎ সংযোগের শুভ উদ্বোধন করেন যশোর-৫ আসনের মাননীয় সংসদ সদস্য বাবু স্বপন ভট্টাচার্য্য।

## জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতির গোড়না ও বিনশিরা গ্রাম বিদ্যুতায়ন

গত ৮ সেপ্টেম্বর জয়পুরহাট পবিস-এর পাঁচবিবি জোনাল অফিসের আওতাধীন গোড়না ও বিনশিরা গ্রামে বিভিন্ন শ্রেণীর ৪১৪টি সংযোগ প্রদান করা হয়। বিদ্যুৎ সংযোগের শুভ উদ্বোধন করেন জয়পুরহাট-১ আসনের মাননীয় সংসদ সদস্য এ্যাড. সামছুল আলম দুদু। এ সময়



জয়পুরহাট-১ আসনের মাননীয় সংসদ সদস্য এ্যাড. সামছুল আলম দুদু গ্রাম বিদ্যুতায়ন অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন।

পাঁচবিবি জোনাল অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার মোঃ শফিউল আলম, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, এলাকা পরিচালক, বিদ্যুৎ সুবিধাভোগী গ্রাহক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সভায় প্রধান অতিথি নিরাপদ ও সাশ্রয়ীভাবে বিদ্যুৎ ব্যবহার, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার রোধসহ ঘরে ঘরে বিদ্যুৎ দেওয়ার সরকারি অঙ্গীকার বাস্তবায়নের দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

## নেত্রকোণা পবিস এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

গত ৫ সেপ্টেম্বর নেত্রকোণা পবিসের উদ্যোগে নেত্রকোণা সদর উপজেলার আমতলা ইউনিয়নের পাঁচ কাহনীয়া গ্রাম আনুষ্ঠানিকভাবে বিদ্যুতায়ন কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়। বিদ্যুতায়ন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী আরিফ খান জয়, এমপি। পাঁচ কাহনীয়া গ্রামটি বিদ্যুতায়নে প্রায় ৩৫ লক্ষ টাকা ব্যয়ে ২.৯০৮ কি. মি. বৈদ্যুতিক লাইন নির্মাণ করে ১২৩ জন বিভিন্ন শ্রেণির গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমিতির জেনারেল ম্যানেজার মোঃ মজিবুর রহমান, সরকারি পিপি, স্থানীয় নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দ। নতুন বিদ্যুৎ সংযোগপ্রাপ্ত গ্রাহকদের অভিনন্দন জানিয়ে মাননীয় উপমন্ত্রী মূল্যবান বক্তব্য রাখেন।




পাঁচ কাহনীয়া গ্রাম শুভ বিদ্যুতায়নের উদ্বোধন করছেন মাননীয় যুব ও ক্রীড়া উপমন্ত্রী আরিফ খান জয়, এমপি।

## কিশোরগঞ্জ পবিস এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

গত ১৫ অক্টোবর কিশোরগঞ্জ-4 আসনের মাননীয় সংসদ সদস্য রেজওয়ান আহাম্মদ তৌফিক কিশোরগঞ্জ পবিসের আওতাধীন অষ্টগ্রাম উপজেলার ভাতশালা গ্রামের বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন। উক্ত গ্রামে ২.৯৪৮ কি.মি. লাইন নির্মাণের মাধ্যমে ৬২৯ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে কিশোরগঞ্জ পবিসের ডেপুটি জেনারেল ম্যানেজার মুহম্মদ আব্দুল লতিফ, অষ্টগ্রাম উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ স্থানীয় রাজনৈতিক দলের নেতৃবৃন্দ এবং আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে উল্লেখ করেন, বর্তমান সরকার এ অঞ্চলের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে গ্রামের পর গ্রাম বিদ্যুৎ লাইন নির্মাণ করে বিদ্যুৎ সংযোগ প্রদানের কাজ করছে যা হাওড় অঞ্চলের জনগনের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে বিশেষ ভূমিকা রাখছে। অনুষ্ঠানে নতুন বিদ্যুৎ সংযোগ পাওয়া গ্রাহকদের উদ্দেশ্যে প্রধান অতিথি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ অগ্রসর হচ্ছে। শতভাগ বিদ্যুতায়নের আওতায় সকলকেই বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে। তিনি সংযোগ গ্রহণকারী সকল গ্রাহক সদস্যগণকে সমিতির বিদ্যুৎ বিল যথাসময়ে পরিশোধ করার জন্য আহ্বান জানান। তিনি নতুন বিদ্যুৎ সংযোগ প্রত্যাশীদের বিনা রশিদে কারো সাথে কোন লেনদেন না করার জন্য আহ্বান জানান।



ভাতশালা গ্রাম বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন কিশোরগঞ্জ-০৪ আসনের মাননীয় সংসদ সদস্য।

## কুমিল্লা পবিস-৩ পরিদর্শনে বাপবিবোর্ডের সদস্য (অর্থ)

গত ২৩ সেপ্টেম্বর সমিতির বিভিন্ন কার্যক্রম সম্পর্কিত এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্ম-সচিব ও বাপবিবোর্ডের সদস্য (অর্থ) মোঃ আতাউল হক মোল্লা। সভায় সমিতির জেনারেল ম্যানেজার মোঃ রফিকুল ইসলাম সভাপতিত্ব করেন এবং স্বাগত বক্তব্য রেখে সমিতির অর্থ বৎসর ভিত্তিক অগ্রগতির তথ্য তুলে ধরেন। প্রধান অতিথি গত অর্থ বছর পিটিএ টার্গেট বাস্তবায়ন হওয়ায় সকল কর্মকর্তা/কর্মচারিদের প্রশংসা করেন। কুমিল্লা পবিস-৩ নিজস্ব অর্থায়নে সুইচিং স্টেশন ও সাবস্টেশন নির্মাণ করায় সন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে সমিতির অগ্রগতির ধারা অব্যাহত রাখতে পরামর্শ প্রদান করেন। তিনি সমিতির সকল




কুমিল্লা পবিস-৩ এর মতবিনিময় সভায় যুগ্ম সচিব ও বাপবিবোর্ডের সদস্য (অর্থ) মোঃ আতাউল হক মোল্লা।

বিভাগের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন এবং সমিতির গজারিয়া জোনাল অফিসের আওতায় ডাচ বাংলা এবং সিনে বাংলা ইন্ডাস্ট্রিজ দুইটির মিটার চেক করেন।

## ঢাকা পবিস-৪ এর বিশেষ স্টাফ সভায় বাপবিবোর্ডের সদস্য (সমিতি ব্যবস্থাপনা)

গত ৯ সেপ্টেম্বর ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর বিশেষ স্টাফ সভা সমিতির সদর দপ্তরে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বাপবিবোর্ডের সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মোঃ ইমদাদুল ইসলাম। উক্ত স্টাফ সভায় পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজারসহ সমিতির কর্মকর্তা/কর্মচারিগণ উপস্থিত ছিলেন। সভায় সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মহোদয় সকল কর্মকর্তা/কর্মচারিদের সততা, আন্তরিকতা, নিষ্ঠা ও নিরাপত্তার সঙ্গে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন।



ঢাকা পবিস-৪ এর বিশেষ স্টাফ সভায় বাপবিবোর্ডের সদস্য (সমিতি ব্যবস্থাপনা)

## শতভাগ বিদ্যুতায়ন উপলক্ষে কুষ্টিয়া পবিস-এ মত বিনিময় সভা অনুষ্ঠিত

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতির মিরপুর জোনাল অফিসের আওতায় ট্রান্সফরমার চুরি রোধকল্পে এবং মিরপুর উপজেলা শতভাগ বিদ্যুতায়ন উপলক্ষে গত ৩ জানুয়ারী মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় মিরপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা এস.এম জামাল আহমেদ এবং মিরপুর উপজেলার ১৩টি ও দৌলতপুরের ২টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেম্বারগণ, ১২টি পুলিশ ক্যাম্পের ইনচার্জসহ প্রায় ৪০ জন গ্রাহক/স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সভায় সমিতির মিরপুর জোনাল অফিসের ডিজিএম ট্রান্সফরমার চুরি রোধকল্পে জনপ্রতিনিধি/প্রশাসন/পুলিশ কর্মকর্তা ও স্থানীয় সেচ গ্রাহকদের ভূমিকা শীর্ষক মূল বক্তব্য উপস্থাপন করেন। সভায় উপস্থিত সকলের মতামত সংগ্রহ পূর্বক এ বিষয়ে একটি কৌশলপত্র তৈরী করা হয়। সভায় সভাপতিত্ব করেন সমিতি বোর্ডের মহিলা পরিচালক নার্গিস আক্তার। কৌশলপত্রের বর্ণনা অনুযায়ী কাজ করা হলে ট্রান্সফরমার চুরি রোধ হবে মর্মে প্রধান অতিথি ও বিশেষ অতিথি আশা ব্যক্ত করেন। উল্লেখ্য শতভাগ বিদ্যুতায়নের ক্ষেত্রে কোন প্রকার দুর্নীতি যাতে না হয় সেদিকে সকলকে সতর্ক থাকার আহ্বান জানান। পরিশেষে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভায় মিরপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা এস,এম জামাল আহমেদ বক্তব্য প্রদান করছেন।

## উপকেন্দ্র নির্মাণের জন্য ভোলা পবিস এর নিকট এনভয় গ্রুপ কর্তৃক জমির দলিল হস্তান্তর

সুদরচর (ভোলা সদর) এলাকায় শেলটেক সিরামিক ইন্ডাস্ট্রিজ কর্তৃক ০৮ (আট) মেগাওয়াট লোড গ্রহণের উদ্দেশ্যে ১০ এমভিএ ক্ষমতাসম্পন্ন উপকেন্দ্র নির্মাণের জন্য এনভয় গ্রুপ এর চেয়ারম্যান কুতুবউদ্দিন আহমেদ ০.৩৩ একর জমির দানপত্র (দলিল) গত ৫ নভেম্বর ভোলা পবিস এর জেনারেল ম্যানেজারের নিকট হস্তান্তর করেন। শেলটেক সিরামিক ইন্ডাস্ট্রিজ বর্তমানে নির্মাণাধীন রয়েছে। উক্ত প্রতিষ্ঠান উৎপাদন শুরু করলে প্রতিষ্ঠানটি অত্র সমিতির ৩৩ কেভি গ্রাহক শ্রেণীর অন্তর্ভূক্ত হবে এবং সমিতির আর্থিক স্বচ্ছলতা আনায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।


ভোলা পবিসের নিকট এনভয় গ্রুপ কর্তৃক জমির দলিল হস্তান্তর

## চাঁপাইনবাবগঞ্জ পবিস-এ কৃতি শিক্ষার্থীর স্বর্ণপদক জয়

চাঁপাইনবাবগঞ্জ পবিসের সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার মোঃ হাচেন আলী মোল্লা এর বড় ছেলে মোঃ তাওহিদ হাসান তন্ময় বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বিকেএসপিতে দশম শ্রেণীর আর্চারী বিভাগের একজন ছাত্র। গত ১০ মার্চ হতে ১৬ মার্চ পর্যন্ত অনুষ্ঠিত বাংলাদেশ যুব গেমস-২০১৮ সালে আর্চারী প্রতিযোগিতায় ১টি স্বর্ণ পদক এবং

১টি রৌপ্য পদক জয় লাভ করেছে। তাওহিদ হাসান তন্ময়-এর সাফল্যে তার পরিবার সকলের দোয়া প্রার্থী।



বাংলাদেশ যুব গেমস-২০১৮ এ পদক গ্রহণ করছে মোঃ তাওহিদ হাসান তন্ময়

## শোক সংবাদ



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পরিচালক (অর্থ) (পূর্ত অডিটসেল) মোঃ শফিকুল ইসলাম গত ৮ নভেম্বর বেলা ১২.৪৫ ঘটিকায় বাংলাদেশ উত্তরা মেডিকেল কলেজ হসপিটাল এ ইন্তেকাল করেন (ইন্না------রাজিউন) মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫২ বৎসর ০৩ মাস ২৫ দিন। তিনি ১994 সালে ৩১শে আগষ্ট অত্র বোর্ডে সহকারী পরিচালক হিসাবে যোগদান করেন। তিনি প্রায় ২৩ বছর ০২ মাস ০৮ দিন অত্র বোর্ডে চাকুরী করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ কন্যা সন্তান ও আত্মীয় স্বজনসহ অসংখ্য গুনগ্রাহী রেখে যান। তার অকাল মৃত্যুতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারী এবং পরিবারের মাঝে শোকের ছায়া নেমে আসে। তিনি দীর্ঘ দিন ধরে ডায়াবেটিক রোগে আক্রান্ত ছিলেন। মৃত্যুর পর তাঁর গ্রামের বাড়ী সাতক্ষীরাতে তাঁর পারিবারিক কবরস্থানে তাকে সমাহিত করা হয়। বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয় একটি শোক বার্তা প্রদান করেন। উক্ত শোক বার্তায় তাঁর আত্মার মাগফেরাত কামনা করা হয়। তার আত্মার মাগফিরাত কামনা করে বাপবিবোর্ডে বিশেষ দোয়ার আয়োজন করা হয়।

## কৃতি শিক্ষার্থী



তানজিনা মোমেন আন্না ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ থেকে জিপিএ ৫ পেয়েছে। সে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চুক্তিভিত্তিক প্রেস কনসালট্যান্ট ও দৈনিক পাঞ্জেরী পত্রিকার নির্বাহী সম্পাদক তালুকদার এ,এইচ, এম নুরুল মোমেন (তালুকদার রুমী) এর জ্যেষ্ঠ কন্যা। উল্লেখ্য, আন্না প্রাথমিক সমাপনী পরীক্ষায় জিপিএ গোল্ডেন ৫ পেয়েছিল। সে ভবিষ্যতে ডাক্তার হতে চায়। আন্না সকলের দোয়া প্রার্থী।



তাসনিয়া বিনতে আরশাদ (অবন্তি), মোহাম্মদপুর প্রিপারেটরী স্কুল ও কলেজ, মোহাম্মদপুর, ঢাকা হতে ২০১৭ সালে অনুষ্ঠিত জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে জিপিএ ৫ অর্জন করেছে। সে বাপবিবোর্ডের উপ-পরিচালক (প্রশাসন) মো. আরশাদ হোসেন এর কন্যা। তার মা সাঈদা জাহান সোনালী ব্যাংক লি. এর সিনিয়র প্রিন্সিপাল অফিসার। সে ভবিষ্যতে প্রকৃত অর্থে মানুষ হয়ে দেশ ও দশের সেবা করতে চায়। সে সকলের দোয়াপ্রার্থী।



মৌসুমী মল্লিক ২০০৮ সালে যশোর বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষায় মোড়েলগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় হতে জিপিএ ৫, ২০০৮ সালে এইচএসসি পরীক্ষায় খুলনা সরকারি মহিলা কলেজ হতে জিপিএ ৫ এবং ২০১৬ সালে খুলনা বিশ্ববিদ্যালয় হতে বিবিএ (সম্মান) পরীক্ষায় সিজিপিএ ৩.৭০ (স্কেল-৪) পেয়ে মেধা তালিকায় দ্বিতীয় স্থান অর্জন করেছে। সে কুমিল্লা পবিস-২ এর ডিজিএম (কারিগরি), সদর দপ্তর প্রকৌশলী যতীন মল্লিক ও ডলি মল্লিক (গৃহিণী) এর কন্যা। ভবিষ্যতে সে ব্যাংক কর্মকর্তা হতে চায়। সে সকলের আশীর্বাদ প্রার্থী।



মৌমিতা আফরিন, রাজশাহী পি এন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ অর্জন করেছে। কৃতি শিক্ষার্থীর পিতা নারায়ণগঞ্জ পবিস-১ এর পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর মোহা. আমির উদ্দীন ও মাতা মোসা. আমিনা খাতুন একজন গৃহিণী। মৌমিতা আফরিন ভবিষ্যতে ডাক্তার হতে চায়। সে সকলের দোয়া প্রার্থী।



মোছা. শারিকা নূর সুবাহ ২০১৭ সালে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে। সে বাপবিবোর্ডের কেন্দ্রীয় গ্রাহক অভিযোগ কেন্দ্র-এর উপ-সহকারী প্রকৌশলী সাবিনা আখতার এর মেয়ে। সে সকলের নিকট দোয়া প্রার্থী।



শারমিন আক্তার (তিথী) ২০১৭ সালে এসএসসি পরীক্ষায় পৌর শহিদ স্মৃতি একাডেমী, লক্ষ্মীপুর হতে জিপিএ-৫ পেয়েছে। কৃতি শিক্ষার্থীর পিতা লক্ষ্মীপুর পবিসের ওয়্যারিং পরিদর্শক মো. সিরাজুল ইসলাম তালুকদার ও মাতা খালেদা আক্তার (শিল্পী) একজন গৃহিণী। শারমিন আক্তার (তিথী) ভবিষ্যতে ডাক্তার হতে চায়। সে সকলের দোয়া প্রার্থী।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জনসংযোগ পরিদপ্তর, সদর দপ্তর, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২১৯ কর্তৃক প্রকাশিত
ফোন ঃ ৮৯০০৩১৭, পিএবিএক্স ঃ ৫৮৯৫৬৪২২, ৫৮৯৫৬৪২৪, ৫৮৯৫৬৪২৭-৯, ৮৯০০৩১৬, ৮৯০০৩৩১, ৮৯০০৩৩৫
ফ্যাক্স ঃ ৮৮-০২-৮৯০০৬১১, ই-মেইল ঃ dirpublicrelabreb1977@gmail.com